# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Chaitra 12, 1432 Bangla, March 26, 2026, Thursday, No. 82, 56th year

# H I G H L I G H T S

Today is the great Independence Day; the nation is celebrating the 56th Independence and National Day throughout the country in a befitting manner. (Jago News: 14)

President Muhammed Shahabuddin & PM Tarique Rahman have paid tribute to the brave martyrs of 1971 Liberation War at the National Memorial in Savar on the occasion of the Independence & National Day. (Jago News: 15)

Prime Minister Tarique Rahman has unveiled a commemorative postage stamp marking the Independence and National Day. (Jago News: 08)

In total, 26 bodies have been recovered so far from the bus sinking in the Padma River in Daulatdia, Rajbari. (Jago News: 15)

Despite the fuel shortage at petrol pumps across country, including the capital Dhaka, due to the Iran war, the govt says if things go according to plan, the crisis will not affect Bangladesh. (BBC: 03)

The government has decided to purchase two more cargoes of liquefied natural gas at more than double the price amid the ongoing war situation in the Middle East. (Jago News: 11)

Iran has said that non-hostile ships will be allowed to pass through the Strait of Hormuz if they coordinate with Iranian authorities. (DW: 06)

Tehran's ambassador to Pakistan, Reza Amiri Moghadam, has said there have been no "direct or indirect" talks between USA & Iran; however, the friendly countries are trying to create a space for dialogue between Tehran & Washington. (BBC: 04)

State Minister for Local Government, Rural Development and Cooperatives, Mir Shah Alam, has said elections to upazila parishads and municipalities will be held soon. (Jago News: 15)

The government has closed five more institutions after conducting raids in the capital for irregularities. (Jago News: 14)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১২, বাংলা ১৪৩২, মার্চ ২৬, ২০২৬, বৃহস্পতিবার, নং- ৮২, ৫৬তম বছর**

# শিরোনাম

আজ মহান স্বাধীনতা দিবস; সারা দেশে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬। (জাগো নিউজ: ১৪)

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সাভারের জাতীয় স্মৃতিসৌধে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১৫)

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ ডাক বিভাগের প্রকাশিত স্মারক সামগ্রীর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ০৮)

রাজবাড়ীর দৌলতদিয়ায় পদ্মা নদীতে বাসডুবির ঘটনায় এখন পর্যন্ত ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। (জাগো নিউজ: ১৫)

ইরান যুদ্ধের জের ধরে রাজধানী ঢাকাসহ সারাদেশে পেট্রোল পাম্পগুলোতে জ্বালানি সংকট চোখে পড়লেও সরকার বলছে, পরিকল্পনা অনুযায়ী চলতে পারলে বাংলাদেশকে সংকট স্পর্শ করতে পারবে না। (বিবিসি: ০৩)

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে দ্বিগুণের বেশি দামে আরও দুই কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। (জাগো নিউজ: ১১)

ইরান জানিয়েছে, শত্রুভাবাপন্ন নয়, এমন জাহাজকে হরমুজ প্রণালী দিয়ে যেতে দেওয়া হবে, যদি তারা ইরানের কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে চলে। (ডয়েচে ভেলে: ০৬)

পাকিস্তানে নিযুক্ত তেহরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোকাদ্দাম জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সরাসরি বা পরোক্ষ কোনো আলোচনা হয়নি; তবে, বন্ধুপ্রতিম দেশগুলো তেহরান ও ওয়াশিংটনের মধ্যে সংলাপের ক্ষেত্র তৈরির চেষ্টা করছে। (বিবিসি: ০৪)

উপজেলা পরিষদ ও পৌরসভায় দ্রুত নির্বাচন আয়োজন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। (জাগো নিউজ: ১৫)

অনিয়মের দায়ে রাজধানীতে অভিযান পরিচালনার পর আরও পাঁচ প্রতিষ্ঠান বন্ধ করে দিয়েছে সরকার। (জাগো নিউজ: ১৪)

# বিবিসি

## এখনো দৃশ্যমান হয়নি পদ্মায় ডুবে যাওয়া বাস, ঝড়বৃষ্টির কারণে উদ্ধার কার্যক্রম ব্যহত

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাটে পদ্মা নদীতে ডুবে যাওয়া বাসটিকে টেনে তোলার চেষ্টা করা করা হচ্ছে, কিন্তু এখনও বাসটি দৃশ্যমান হয়নি। এদিকে, ঝড়বৃষ্টির কারণে উদ্ধার কার্যক্রম কিছুটা ব্যহত হয়েছে। বিবিসি বাংলাকে এ তথ্য জানিয়েছে ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহজাহান শিকদার। তিনি বলেছেন, বাসটি পানির ৩০ ফুট নীচে আছে। উদ্ধারকারী জাহাজ হামজা এসেছে। হামজার সাথে বাসটিকে রশি দিয়ে বেঁধে দেওয়া হয়েছে। ঝড়বৃষ্টির কারণে উদ্ধারকাজে কিছুটা বাধা এসেছিলো। এখন বাসটিকে টেনে তোলা হচ্ছে। কিন্তু এখনও দৃশ্যমান হয়নি বাসটি। আশা করছি, ২০-৩০ মিনিটের মাঝে দৃশ্যমান হবে বাসটি। এসময় তিনি আরও জানান, ফায়ার সার্ভিস এখনও কাউকে জীবিত বা মৃত অবস্থায় উদ্ধার করতে পারেনি। এদিকে, স্থানীয় সাংবাদিকরা বিবিসি বাংলাকে জানিয়েছেন, বৃষ্টির কারণে উদ্ধার কার্যক্রম বন্ধ রয়েছে এখন। তবে শুরুতে যে ক'জন ভেসে উঠেছিলো, তাদের মধ্য থেকে তিন জনকে হাসপাতালে নেওয়া হলে দু'জন-ই মারা যান।

(বিবিসি ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশে জ্বালানি পরিস্থিতি আসলে কেমন, সংকট সামলাতে সরকার কী করছে

ইরান যুদ্ধের জের ধরে বাংলাদেশের রাজধানী ঢাকাসহ সারাদেশে পেট্রোল পাম্পগুলোতে জ্বালানি সংকট চোখে পড়লেও সরকার বলছে, 'পরিকল্পনা অনুযায়ী চলতে পারলে' বাংলাদেশকে সংকট স্পর্শ করতে পারবে না। একইসঙ্গে সরকার জানিয়েছে যে, মূল্যস্ফীতি বেড়ে যাওয়ার আশঙ্কা থাকায় এখনই জ্বালানি তেলের দাম বাড়ানোর কোনো চিন্তা সরকারের নেই। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেছেন, তেলের কোনো সংকট নেই এবং এর পরেও সরকার তিনমাসের জন্য জ্বালানি মজুত (বাফার স্টক) নিশ্চিত করতে যাচ্ছে। তার অভিযোগ, যুদ্ধ পরিস্থিতির অস্থিরতার সুযোগে একটি গোষ্ঠী মজুতদারি ও কালোবাজারি শুরু করেছে। তিনি জানান, এর বিরুদ্ধে প্রশাসনিক কার্যক্রম জোরদার করা হচ্ছে।

এদিকে, যুদ্ধের কারণে বিশ্ব বাজারে তেলের দাম বেড়ে যাওয়ায় সরকারকে অতিরিক্ত অর্থ ব্যয় করার পাশাপাশি উদ্বেগ তৈরি হয়েছে 'প্যানিক বায়িং বা আতঙ্কিত হয়ে ক্রয়ের' প্রবণতা নিয়েও। "একটা প্যানিক বায়িং শুরু হয়েছে। এ কারণে সরকারকে চাপে থাকতে হয়। আমাদের দেশের রাজনীতি ও সমাজ ব্যবস্থায় একদল ব্যক্তি এ ধরনের পরিস্থিতিকে পুঁজি করতে চায়," সচিবালয়ে সরকারের পক্ষ থেকে এক সংবাদ সম্মেলনে বলেছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। যদিও অর্থনীতিবিদরা যুদ্ধের অনিশ্চয়তার বিষয়টি বিবেচনায় নিয়ে সরকারকে ব্যবস্থাপনার সংকট এড়াতে এখনই জ্বালানি রেশনিংয়ের পরামর্শ দিচ্ছেন। কর্মকর্তারা বলছেন, জ্বালানি খাতের জন্য অতিরিক্ত অর্থের সংস্থানে ইতোমধ্যেই আইএমএফসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ শুরু করেছে সরকার। এমন প্রেক্ষাপটে আজ সচিবালয়ে জ্বালানি তেলের সরবরাহ সংকট মোকাবিলায় করণীয় নিয়ে একটি বিশেষ সভা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

### যুদ্ধের প্রভাবে বাংলাদেশে জ্বালানি, রেমিটেন্স, খাদ্যপণ্যের বাজার নিয়ে শঙ্কা

ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় তেলের অনেকে পাম্পে আজও তেলের জন্য যানবাহনের লম্বা লাইন দেখা গেছে। কিছু কিছু এলাকায় পেট্রোল পাম্পের ভিড়ের ভিডিওগুলো সামাজিক মাধ্যমেও ছড়িয়ে পড়ছে। অনেকে কয়েক ঘণ্টা ধরে লাইনে অপেক্ষমাণ থাকার পর তেল সংগ্রহ করতে পারছেন। আবার কেউ কেউ অভিযোগ করছেন, এই সুযোগে তাদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করছে এক শ্রেণির অসাধু পাম্প কর্মী। রাজধানী ঢাকাতেই কোনো কোনো পেট্রোল পাম্প বন্ধ রাখারও তথ্য পাওয়া যাচ্ছে ট্রাফিক সংক্রান্ত ফেসবুক গ্রুপগুলোতে। ঢাকার বাইরে মহাসড়কগুলোর পাশে থাকা পেট্রোল পাম্পগুলোর অনেকগুলোতে গত দুইদিন তেল বিক্রি বন্ধ থাকার অভিযোগ করছেন অনেকে। যদিও অভিযোগ উঠছে যে, কিছু পেট্রোল পাম্পের মালিক তেলের দাম বাড়তে পারে- এই চিন্তা থেকে তেল বিক্রি কমিয়ে দিয়েছে বা বন্ধ রেখেছে। আবার পেট্রোল পাম্প থেকে তেল নিয়ে কালোবাজারির অভিযোগও জোরদার হচ্ছে। প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান সচিবালয়ে সংবাদ সম্মেলনে বলেছেন, পাম্প পর্যায়ে হয়ত কেউ কেউ স্টোর করার চেষ্টা করছে, সরকার সেগুলো একটু দেখার চিন্তা করছে। সরকারের খনিজ সম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, ২৪ মার্চ দেশে ডিজেলের মজুত ছিল ১ লাখ ৭৫ হাজার মে. টন। অন্যদিকে পেট্রোল ও অকটেন ছিল ২৬ হাজার টন। এর বিপরীতে বাংলাদেশে স্বাভাবিক সময়ে দৈনিক পেট্রোল ১৪০০ টন, অকটেন ১২০০ টন এবং ডিজেলের চাহিদা থাকে প্রায় ১২ হাজার টনের মতো।

মন্ত্রণালয় থেকে পাওয়া তথ্য অনুযায়ী, চলতি মাসজুড়ে তেলবাহী যত জাহাজ এসেছে এবং আরও যে কয়টি ইতোমধ্যেই নিরাপদ জোনে এসে পোঁছেছে, সেগুলো ঠিকমতো বন্দরে এসে পৌঁছালে এপ্রিল মাসেও জ্বালানি নিয়ে কোনো সংকট হবে না বলে সরকার আশা করছে। এর মধ্যে ৭৫ হাজার টন ডিজেল নিয়ে একটা জাহাজ বাংলাদেশের পথে রয়েছে। সেটি এলে ডিজেল সংকট তৈরি হওয়ার আশঙ্কা দূর হবে বলে কর্মকর্তারা ধারণা করছেন।

**কিন্তু যুদ্ধ যদি প্রলম্বিত হয়**

বিশ্লেষকরা বলছেন, যুদ্ধ বন্ধে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনার যে দাবি ডোনাল্ড ট্রাম্প করছেন, সেটি ঠিকমতো এগুলে পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসার পথ তৈরি হবে। কিন্তু সেটি না হলে একদিকে তেল সংগ্রহ নিয়ে সংকট তৈরি হবে আবার অন্যদিকে যা তেল ও এলএনজি সংগ্রহ করা যাবে, তার জন্যও অনেক বেশি অর্থ ব্যয় করতে হবে। "বিশ্বের কোথাও এ মুহূর্তে স্বাভাবিক অবস্থা থাকবে না, এটাই স্বাভাবিক। এটা ক্রাইসিস ম্যানেজমেন্টের সময়। সরকার ঈদের আগ পর্যন্ত পরিস্থিতি ভালোভাবেই সামলেছে। ঈদের পর এখনো নতুন করে কিছু বলা হয়নি। তবে আমার মনে হয়, এখনই পরিস্থিতি মোকাবিলার একটি কৌশল ঘোষণা করার দরকার এবং একই সাথে তেলের রেশনিংও চালু করা দরকার," বিবিসি বাংলাকে বলেছেন অর্থনীতিবিদ ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। জ্বালানি মন্ত্রণালয়ের কর্মকর্তারা অবশ্য বলছেন, এখনই একটি ত্রিশ হাজার টনের তেলবাহী জাহাজের পেছনে সরকারকে বাড়তি প্রায় দেড়শ কোটি টাকা ব্যয় করতে হচ্ছে। সরকার এখন লিটার প্রতি ৬০ টাকা করে ভর্তুকি দিচ্ছে। তেল ও গ্যাসের জন্য যে-সব প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশের চুক্তি আছে, তারা যুদ্ধ পরিস্থিতির কারণে চুক্তি মোতাবেক দামে সরবরাহ করতে পারবে না বলে সরকারকে জানিয়ে দিয়েছে। ফলে সংকট মোকাবিলায় সরকারকে স্পট মার্কেট থেকে অনেক বেশি দাম দিয়ে তেল ও এলএনজি কিনতে হচ্ছে। এর মধ্যেই আজ সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি জরুরি ভিত্তিতে স্পট মার্কেট থেকে আরো দুই কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কিনতে যাচ্ছে সরকার। সম্প্রতি ঈদের আগেও তিন কার্গো এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়েছিল। পাশাপাশি বিভিন্ন উন্নয়ন সহযোগী ও আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গেও সরকার যোগাযোগ শুরু করেছে বলে সম্প্রতি বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন, প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর। খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, এখন দাম অনেক বেশি থাকায় সরকারের উচিত হবে স্বল্পমেয়াদি চুক্তির দিকে মনোযোগ দেওয়া এবং দীর্ঘমেয়াদে ব্যয়বহুল চুক্তি না করা। "সবচেয়ে ভালো হবে আইএমএফ-এর কাছ থেকে শর্তহীন ঋণের ব্যবস্থা করার চেষ্টা করা। সরকার একটি তিন মাসের পরিকল্পনা করতে পারে পরিস্থিতি মোকাবিলার জন্য। আশা করি এর মধ্যে হরমুজ প্রণালি স্বাভাবিক হতে শুরু করবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**সরকার যা বলছে**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলছেন, তিন মাসের জন্য জ্বালানি তেলের একটি মজুত গড়ে তোলা হচ্ছে দ্রুতগতিতে এবং এর ফলে আগামী কয়েক মাস জ্বালানি খাত সংকটমুক্ত থাকতে পারবে বলে আশা করছেন তিনি। যদিও কর্মকর্তারা বলছেন, যুদ্ধ পরিস্থিতির সুযোগ নিয়ে একটি গোষ্ঠী তেলের মজুতদারি ও কালোবাজারি শুরু করায় পেট্রোল পাম্পগুলোতে সংকট দেখা যাচ্ছে। তারা বলছেন, যুদ্ধের আগে যে পরিমাণ তেল দিয়ে একটি পেট্রোল পাম্প অন্তত দুই দিন চলতো, এখন সেখানে দিনে ২/৩ লড়ি তেল সরবরাহ করতে হচ্ছে। মূলত পেট্রোল পাম্প থেকে তেল কালোবাজারি কিংবা মজুতদারি হচ্ছে কি-না, সেই অভিযোগ উঠতে শুরু করেছে। আবার সরকার বিভিন্ন অজুহাতে আরও সংকট তৈরি করা হতে পারে আশংকা থেকে এসব পাম্পের বিষয়ে সরাসরি কোনো ব্যবস্থা নিতে পারছে না। জ্বালানিমন্ত্রী অবশ্য বলেছেন, এসব অভিযোগ সত্যি কি-না, তা দেখতে স্থানীয় প্রশাসন কাজ করছে। একইসঙ্গে তিনি মনে করেন, জনসাধারণ আগের মতো স্বাভাবিকভাবে তেল ক্রয় করলেই পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে এবং পেট্রোল পাম্পে কোনো লাইন দেখা যাবে না। অর্থনীতিবিদ খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, মজুতদারি ও কালোবাজারির ঠেকাতে স্থানীয় প্রশাসনকে আরও সক্রিয় করা দরকার। "এটা সবাইকে মানতে হবে যে, এটি স্বাভাবিক সরবরাহের সময় নয়। সে কারণে কেউ যেন পরিস্থিতির সুযোগ নিয়ে কোনো সংকট তৈরি না করে সেদিকে দৃষ্টি দেওয়া দরকার, বিবিসি বাংলাকে বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৩.২০২৬ আলী আহমেদ)

## যুদ্ধের শুরু থেকে ইরানের ওপর ১৫ হাজারের বেশি বোমা ছোড়া হয়েছে : ইসরায়েল

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ বলেছেন, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এ পর্যন্ত ইরানের ওপর ১৫ হাজারের বেশি বোমা ছুঁড়েছে তার দেশের বিমান বাহিনী। গত জুনে ১২ দিনে যুদ্ধে ইরানের বিরুদ্ধে ব্যবহৃত গোলাবারুদের চারগুন বোমা এবার নিক্ষেপ করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। নতুন করে ইরানের বিভিন্ন স্থাপনায় হামলা চালানোর ব্যাপারে বুধবার ইসরায়েলের সামরিক বাহিনী অনুমোদন দিয়েছে বলে জানিয়েছেন মি. কাৎজ। যদিও যুক্তরাষ্ট্র বলছে, ইরানের সাথে একটি সমঝোতা বা শান্তি-আলোচনা চালিয়ে যাওয়ার চেষ্টা করছে, এবং ইতিমধ্যে পাকিস্তান, তুরস্ক এবং মিসর এ ব্যাপারে মধ্যস্থতা করতে সম্মত হয়েছে।

এদিকে, ইরানের পক্ষ থেকে বরাবর কোন আলোচনা চালানোর বিষয়টি অস্বীকার করা হলেও, সবশেষ পাকিস্তানের পক্ষ থেকে ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত ১৫-দফা শান্তি আলোচনার কাগজ ইরানের কাছে পৌঁছে দেয়া হয়েছে বলে জানানো হয়েছে। কিন্তু এরই মধ্যে ইসরায়েলের সামরিক বাহিনীর প্রধানের সাথে বৈঠকের পর ইরানে হামলার নতুন টার্গেট অনুমোদন করেছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী। (বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে কোনো আলোচনা হচ্ছে নাঃ ইরানের রাষ্ট্রীয় সংবাদ মাধ্যম

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনার তথ্য অনুযায়ী, পাকিস্তানে নিযুক্ত তেহরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোকাদ্দাম জানিয়েছেন যে, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে 'সরাসরি বা পরোক্ষ' কোনো আলোচনা হয়নি। তবে, আমিরি মোকাদ্দাম

বলেছেন, "বন্ধুপ্রতিম দেশগুলো তেহরান ও ওয়াশিংটনের মধ্যে সংলাপের ক্ষেত্র তৈরির চেষ্টা করছে, যা এই চাপিয়ে দেওয়া যুদ্ধ বন্ধে ফলপ্রসূ হবে বলে আমরা আশা করি।" এর আগে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন যে, তার প্রশাসন ইরানের 'যথাযথ কর্তৃপক্ষের সাথে কথা বলছে' এবং 'তারা (ইরান) একটি চুক্তিতে পৌঁছানোর জন্য মরিয়া'। কিন্তু জবাবে ইরানের সামরিক বাহিনীর একজন মুখপাত্র বলেছেন, যুক্তরাষ্ট্র আসলে 'নিজেদের সঙ্গেই নিজেরা আলোচনা করছে'। এর আগে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ মঙ্গলবার এক সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন যে, তার দেশ এই সংঘাত নিরসনে আলোচনার আয়োজন করতে 'প্রস্তুত'।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৩.২০২৬ এলিনা)

**মার্কিন সেনাদের গতিবিধি 'নিবিড়ভাবে পর্যবেক্ষণ' করছে ইরান : স্পিকার**

ইরানি পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, ইরান 'এ অঞ্চলে মার্কিন সামরিক বাহিনীর গতিবিধি, বিশেষ করে সেনা মোতায়েনের বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে'। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি বলেছেন, "আমাদের ভূখণ্ড রক্ষায় আমাদের সংকল্প পরীক্ষা করতে আসবেন না।" যুক্তরাষ্ট্রে বিবিসির সহযোগী সিবিএস নিউজের তথ্য অনুযায়ী, পেন্টাগন ওই অঞ্চলে ৮২তম এয়ারবোর্ন ডিভিশন থেকে সৈন্য পাঠানোর প্রস্তুতি নিচ্ছে, যার মধ্যে পদাতিক বাহিনী এবং একটি কমান্ড এলিমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে। অসমর্থিত সূত্রে জানা যাচ্ছে, ট্রাম্প প্রশাসন মোহাম্মদ-বাঘের গালিবাফকে একজন সম্ভাব্য সহযোগী এবং সম্ভবত ইরানের ভবিষ্যৎ নেতা হিসেবে বিবেচনা করছিল।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৩.২০২৬ এলিনা)

**ইরান কেন তার প্রতিবেশীদের ওপর হামলা চালিয়ে যাচ্ছে?**

বুধবার সকালেও সৌদি আরব এবং কুয়েত জানিয়েছে যে, ইরানের তরফ থেকে তাদের লক্ষ্য করে ড্রোন ছোড়া হয়েছে। আশপাশের আরো কয়েকটি দেশ, যেমন কাতার, সংযুক্ত আরব আমিরাত, ওমান এবং বাহরাইন - এই সবক'টি দেশই ইরানের হামলার শিকার হয়েছে। এছাড়া ইরান এ অঞ্চলের মার্কিন সামরিক ঘাঁটির পাশাপাশি বেসামরিক এবং জ্বালানি অবকাঠামোকেও লক্ষ্যবস্তু করেছে। ফেব্রুয়ারির ২৮ তারিখে ইরানের ওপর যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের যৌথ হামলার শুরু হলে, সেসময় ইরান তার প্রতিবেশীদের ওপর হামলা করেছিল। পরে সেজন্য প্রতিবেশীদের কাছে দুঃখপ্রকাশও করেছিল ইরান। কিন্তু, তাহলে এখনো ইরান কেন তার প্রতিবেশীদের ওপর হামলা করছে? বিবিসি সংবাদদাতা বারবারা প্লেট-আশার বিষয়টিকে ব্যাখ্যা করেছেন এভাবে, "ইরান এ অঞ্চলের নিরাপদ ও সমৃদ্ধ ভ্রমণ, পর্যটন এবং অর্থব্যবস্থার যে ভাবমূর্তি রয়েছে, তাকে আঘাত করতে চাইছে।" "এছাড়া ইরান এ এলাকার গুরুত্বপূর্ণ তেল ও গ্যাস শিল্পকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে, যা বিঘ্নিত হলে বিশ্ব অর্থনীতিতে বড় ধরনের ধাক্কা লাগতে পারে।" বারবারা প্লেট-আশার মনে করেন, এটি ইরানের আরব প্রতিবেশীদের ওপর চাপ অনেক বাড়িয়ে দিচ্ছে, যাতে তারা এখন যুদ্ধ বন্ধের জন্য যুক্তরাষ্ট্রের ওপর আরও বেশি চাপ প্রয়োগ করতে পারে।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৩.২০২৬ এলিনা)

## এনএইচকে

**রাশিয়ার তেল স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করছে ইউক্রেন**

ইউক্রেনের সামরিক বাহিনী রাশিয়ার গুরুত্বপূর্ণ তেল স্থাপনাগুলোতে হামলা চালানোর ঘোষণা দিয়েছে। সংঘাতের অর্থায়নে তেল বিক্রি ব্যবহার করার জন্য কিইভ মস্কোকে অভিযুক্ত করছে। ইউক্রেনের সশস্ত্র বাহিনীর জেনারেল স্টাফ সোমবার এক পোস্টে জানায় যে, বাল্টিক সাগরের তীরে অবস্থিত প্রিমোরস্কের তেল টার্মিনালে তারা হামলা চালায়। রয়টার্স জানিয়েছে, রবিবার সংঘটিত এই হামলার পর বন্দরটি তেল রপ্তানি স্থগিত করেছে। ইউক্রেনের সামরিক বাহিনী আরও জানায় যে মধ্য রাশিয়ার বাশকোর্তোস্তান প্রজাতন্ত্রের একটি তেল শোধনাগারে তারা হামলা চালিয়েছে, সীমান্ত থেকে প্রায় ১ হাজার ৪০০ কিলোমিটার দূরে যেটা অবস্থিত। রাশিয়ার অপরিশোধিত তেলের ওপর থেকে নিষেধাজ্ঞা শিথিল করার মার্কিন পদক্ষেপের বিরোধিতা করেছে ইউক্রেন। ইরানের সঙ্গে সংঘাতের কারণে বেড়ে যাওয়া তেলের দাম কমাতে যুক্তরাষ্ট্র এই পদক্ষেপ নেয়। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার জানিয়েছে যে, তাদের বাহিনী ইউক্রেনের প্রতিরক্ষা শিল্পের সাথে সম্পর্কিত স্থাপনাগুলোকে লক্ষ্য ধরে নিয়ে একটি "ব্যাপক হামলা" চালিয়েছে। বেসামরিক স্থাপনাগুলোর ওপর ইউক্রেনের হামলার জবাবে এই হামলা চালানো হয়েছে বলে তারা আরও জানায়। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি মঙ্গলবার এক পোস্টে বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার ফলাফল সম্পর্কে তাকে অবহিত করা হয়েছে। তিনি বলেন, সংঘাতের অবসান ঘটাতে নিরাপত্তা নিশ্চয়তা নিয়ে কাজ করা প্রয়োজন হবে।(এনএইচকে ওয়েবপেইজঃ ২৫.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

**মাসুদ উদ্দিনকে এবার দুদকের মামলায় গ্রেফতার দেখানোর আবেদন**

মালয়েশিয়ায় কর্মী পাঠিয়ে ১১৯ কোটি টাকা আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর করা মামলায় এক-এগারোর সময়ের আলোচিত সেনা কর্মকর্তা ও ফেনী-৩ আসনের সাবেক সংসদ সদস্য লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাসুদ উদ্দিন চৌধুরীকে গ্রেফতার দেখানোর আবেদন করা হয়েছে। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম

আলোর খবর অনুযায়ী, আজ বুধবার মামলাটির তদন্ত কর্মকর্তা দুদকের সহকারী পরিচালক মো. আবুল কালাম আজাদ এ আবেদন করেন। আসামির উপস্থিতিতে এ সংক্রান্ত আবেদনের ওপর শুনানির জন্য আগামী ৯ এপ্রিল তারিখ ধার্য করেছেন ঢাকার সিনিয়র স্পেশাল জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক মঈনউদ্দীন চৌধুরী। দুদকের প্রসিকিউটর দেলোয়ার জাহান রুমি এ তথ্য নিশ্চিত করেন। এর আগে গতকাল মঙ্গলবার রাজধানীর পল্টন থানার মানব পাচার সংক্রান্ত এক মামলায় মাসুদ উদ্দিন চৌধুরীকে গ্রেফতার দেখানো হয়। পুলিশের আবেদনের পরিপ্রেক্ষিতে এই মামলায় তার পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। মাসুদ উদ্দিন চৌধুরীকে গত সোমবার মধ্যরাতে ঢাকার বারিধারা ডিওএইচএসের বাসা থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। আজ আদালতে দুদকের আবেদনে বলা হয়, আসামি মাসুদ উদ্দিন চৌধুরী ৭ হাজার ১২৪ জনকে মালয়েশিয়ায় পাঠানোর জন্য তাদের কাছ থেকে নির্ধারিত ফির অতিরিক্ত ১১৯ কোটি ৩২ লাখ ৭০ হাজার টাকা গ্রহণ করেন। এ জন্য তার বিরুদ্ধে দুদক আইনে মামলা হয়েছে। আসামি মাসুদ উদ্দিন চৌধুরী এই মামলায় জামিনে মুক্তি পেলে তদন্তে বাধা সৃষ্টি করতে পারেন। তাই সুষ্ঠ তদন্তের স্বার্থে এই মামলায় তাকে গ্রেফতার দেখানো প্রয়োজন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ কীভাবে যুদ্ধের প্রভাব মোকাবিলা করবে, তা নিয়ে প্রধানমন্ত্রীর বৈঠক

তারেক রহমান বাংলাদেশে প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণের এক সপ্তাহের মধ্যেই ইরানের সঙ্গে আমেরিকা এবং ইসরায়েলের যৌথ লড়াই শুরু হয়েছে। লড়াই এখনো আনুষ্ঠানিকভাবে শেষ হয়নি। ইতোমধ্যেই এর প্রভাব বিশ্বের বিভিন্ন দেশে পড়তে শুরু করেছে। দক্ষিণ এশিয়ার দেশগুলিতে জ্বালানির সংকট শুরু হয়েছে। বাংলাদেশেও এর প্রভাব স্পষ্ট। ক্রমেই নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যসহ অন্যান্য খাতেও সংকটের আশঙ্কা তৈরি হয়েছে। যুদ্ধের অভিঘাত আরো মারাত্মক হতে পারে, এমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা। এই পরিস্থিতিতে যুদ্ধের প্রভাব মোকাবিলায় কী করণীয় তা নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বুধবার জরুরি বৈঠকে বসছেন। সকাল ১০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হওয়ার কথা। বৈঠকে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়গুলির মন্ত্রীরা উপস্থিত থাকবেন বলে জানা গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রাম, সিরাজগঞ্জসহ একাধিক জায়গায় জ্বালানি তেলের সংকট

জ্বালানি তেলের সংকট শুরু হয়েছে দেশের বিভিন্ন প্রান্তে। চট্টগ্রাম, সিরাজগঞ্জে পেট্রল পাম্পগুলিতে লম্বা লাইন দেখা যাচ্ছে। তেল নিয়ে মারপিটও হয়েছে কয়েক জায়গায়। চট্টগ্রামের লালদিঘি, কদমতলি, টাইগারপাস, ওয়াসার মতো এলাকায় মঙ্গলবার একাধিক পাম্প বন্ধ করে দেওয়া হয়। দুপুরে কয়েকটি পাম্প খুললে সেখানে বিরাট লাইন দেখতে পাওয়া গেছে। ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার প্রথম আলোকে পাম্প মালিকেরা জানিয়েছেন, প্রতিদিন যে পরিমাণ তেল লাগে তার অর্ধেকও আসছে না। ফলে বাধ্য হয়েই তাদের পাম্প বন্ধ রাখতে হচ্ছে। প্রথম আলোর রিপোর্ট জানাচ্ছে, ডিজেল সীমিত আকারে পাওয়া গেলেও পেট্রোল এবং অকটেন প্রায় নেই বললেই চলে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

## শত্রুভাবাপন্ন জাহাজ ছাড়া বাকিদের হরমুজ দিয়ে যেতে দেবে ইরান

ইরান জানিয়েছে, শত্রুভাবাপন্ন নয়, এমন জাহাজকে হরমুজ প্রণালী দিয়ে যেতে দেওয়া হবে, যদি তারা ইরানের কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে চলে। একাধিক মিডিয়া ইরানের একটা চিঠি তুলে ধরে এই রিপোর্ট করেছে। ফিনান্সিয়াল টাইমস জানিয়েছে, এই চিঠি আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশনের সদস্য দেশগুলিকে দিয়েছে ইরান। বার্তা সংস্থা রয়টার্স ও এএফপি পরে এই চিঠির কথা জানিয়েছে। চিঠিতে বলা হয়েছে, শত্রুভাবাপন্ন নয় মানে আমেরিকা, ইসরায়েল ও যুদ্ধের সঙ্গে জড়িত কোনো দেশ বাদ দিয়ে অন্যরা। এই গুরুত্বপূর্ণ জলপথ ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরুর পর থেকে বন্ধ আছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

## যুদ্ধ বন্ধে ইরানকে যুক্তরাষ্ট্রের ১৫ দফা শর্ত: রিপোর্ট

ইরানের সঙ্গে যুদ্ধ বন্ধ করা নিয়ে যুক্তরাষ্ট্র তেহরানকে ১৫ দফা শর্ত দিয়েছে বলে একাধিক রিপোর্ট জানিয়েছে। ইসরায়েলের চ্যানেল ১২ সূত্রকে উদ্ধৃত করে জানিয়েছে, মঙ্গলবার রাতে এই শর্ত ইরানকে জানানো হয়েছে। নিউইয়র্ক টাইমস দুইজন কর্মকর্তাকে উদ্ধৃত করে বলেছে, পাকিস্তানের মাধ্যমে শর্তের কথা ইরানকে জানানো হয়েছে। মার্কিন দূত স্টিভ উইটক্রফট ও জারেড কুশনার প্রস্তাব দিয়েছেন, একমাস যুদ্ধবিরতি থাকবে। এই সময়ে ১৫ দফা প্রস্তাব নিয়ে আলোচনা হবে। চ্যানেল ১২-র রিপোর্ট বলছে, এই পরিকল্পনার মধ্যে ইরানকে পরমাণু পরিকল্পনা থেকে পুরোপুরি সরে আসতে হবে। প্রক্সি সন্ত্রাসবাদী সংগঠনকে(হামাস, হিজবুল্লাহ) সাহায্য করা বন্ধ করতে হবে, হরমুজ প্রণালীকে খুলে দিতে হবে। নিউইয়র্ক টাইমসের রিপোর্ট জানিয়েছে, ইসরায়েল এই পরিকল্পনা মেনে নিয়েছে কিনা তা এখনো স্পষ্ট নয়। জাতিসংঘে ইসরায়েলের দূত নিউইয়র্ক টাইমসকে বলেছেন, ড্যানি ড্যানন জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনায় ইসরায়েল নেই। এখনো হামলা চলছে, এটা চলবে। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানকে ফোন করেছিলেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রো। তিনি এক্স-এ পোস্ট করে বলেছেন, "আমি ইরানের প্রেসিডেন্টকে বলেছি, আলোচনা শুরু করতে, যাতে উত্তেজনা কমানোর একটা রূপরেখা পাওয়া যায় এবং ইরানের পরমাণু ও

ব্যালেস্টিক প্রোগ্রাম এই অঞ্চলের অস্থিরতার কারণ না হয়।" অন্যদিকে আমেরিকা মধ্যপ্রাচ্যে আরো এক হাজার সেনা পাঠাচ্ছে। ৮২তম এয়ারবোর্ন ডিভিশনের সেনাকে পাঠানো হচ্ছে। এই সেনা ২৪ ঘণ্টার মধ্যে বিশ্বের যে কোনো জায়গায় চলে যাওয়ার প্রস্তুতি নিয়ে থাকে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, আমেরিকা ইরানে ঠিক লোকেদের সঙ্গেই কথা বলছে। ইরান একটা ডিল করতে চাইছে। ইরান জানিয়েছে, সম্পূর্ণ জয় না পাওয়া পর্যন্ত তারা লড়াই চালিয়ে যাবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে কি আইপিএল দেখা যাবে?

শনিবার ভারতে শুরু হচ্ছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ আইপিএল। অন্তবর্তী সরকারের সময় গত জানুয়ারি মাসে আইপিএলের সম্প্রচার বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছিল। তবে নতুন সরকারের মনোভাবের কারণে বাংলাদেশে আইপিএল দেখার সুযোগ তৈরি হয়েছে। নতুন সরকারের তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন ডয়চে ভেলেকে বলেন, ''আমাদের কাছে আইপিএল দেখানোর ব্যাপারে কোনো আবেদন নিয়ে কেউ আসেনি। খেলাধুলা নিয়ে আমরা রাজনীতি করতে চাই না। ফলে বিষয়গুলো বাণিজ্যিকভাবেই আমরা দেখব। কোনো চ্যানেল যদি আইপিএল দেখানোর জন্য আমাদের কাছে আবেদন করে আমরা ইতিবাচকভাবেই বিবেচনা করবো।" তিনি বলেন, ভারতীয় চ্যানেল স্টার স্পোর্টসের মাধ্যমে বাংলাদেশে আইপিএল দেখা গেলে সরকার তাতে বাধা দেবে না। ''আমরা কাউকে বাধা দেবো না। যদি দেখা যায়, যাবে। আমাদের কেউ যদি দেখানোর আবেদন করে সেটাও ইতিবাচকভাবে আমরা দেখব। জোর করে কিছু করা হবে না," বলেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। ক্যাবল অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (কোয়াব) দপ্তর সম্পাদক রেজাউল করিম লাভলু ডয়চে ভেলেকে বলেন, ''স্টার স্পোর্টসে যদি আইপিএল দেখা যায় তো যাবে। আমাদেরকে কেউ এটা বন্ধ রাখতে বলেনি।" অন্তবর্তী সরকারের নির্দেশনা বিষয়ে তিনি বলেন, ''অন্তবর্তী সরকারের ওই নির্দেশনার এখন কোনো দাম নেই। এই সরকার যদি আমাদের বন্ধ রাখতে বলে আমরা বন্ধ রাখব। আগের সরকারের ওই সব নির্দেশনা এখন আর বহাল নেই।" এর আগে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক ক্রিকবাজকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছিলেন, ''ঈদের ছুটি শেষ হওয়ার পর ক্রিকেট বোর্ডের সঙ্গে এ বিষয়ে (আইপিএল সম্প্রচার বিষয়ে) কথা বলবেন।" তিনি বলেন, ''ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করতে চাই। কোনো সমস্যা হওয়া উচিত নয়। খেলার মধ্যে রাজনীতি ঢোকানো ঠিক নয়।"

### 'টি-স্পোর্টস' আইপিএল দেখাতে পারছে না

বাংলাদেশে গত কয়েক বছর ধরে আইপিএল সম্প্রচারের স্বত্ব পেয়ে আসছে স্পোর্টস চ্যানেল টি-স্পোর্টস। এবার কেন উদ্যোগ নেওয়া হলো না- জানতে চাইলে টি-স্পোর্টসের নির্বাহী পরিচালক তাসভীর উল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, ''আইপিএলের মতো একটি আয়োজনের জন্য যথাযথ বিপণন ও অন্যান্য সব লজিস্টিকসের প্রস্তুতি নিতে যথেষ্ট সময় বাকি নেই। তাছাড়া, বাংলাদেশে আইপিএল সম্প্রচার করা সম্ভব নয় বলেই আমরা পিএসএলের সম্প্রচার স্বত্ব কিনেছি। ফলে এখন আমাদের সূচিতে সমস্যা হবে।" কেন আগে থেকে উদ্যোগ নেওয়া হয়নি? জানতে চাইলে ইসলাম বলেন, ''আইপিএল দেড় মাসের একটা টুর্নামেন্ট। ফলে বছরের শুরুতেই এটা নিয়ে পরিকল্পনা করতে হয়। এর সঙ্গে বাজেট, বিজ্ঞাপনদাতা অনেক কিছুর সম্পর্ক থাকে। হুট করেই এটা করা যায় না। অন্তবর্তী সরকার আইপিএল সম্প্রচারে নিষেধাজ্ঞা দেওয়ায় আমাদের নতুন করে পরিকল্পনা সাজাতে হয়েছে। এখন আবার হুট করে কিছু করা সম্ভব না। এখন আমরা পিসিএল সম্প্রচারের স্বর্ত কিনেছি। ফলে নতুন করে কিছু আর ভাবছি না।"

### আগের কথা

এবারের আইপিএল-এ বাংলাদেশের কোনো ক্রিকেটার নেই। যদিও কলকাতা নাইট রাইডার্স ৯ কোটি ২০ লাখ রুপিতে বাংলাদেশের পেসার মুস্তাফিজুর রহমানকে দলে নিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত ভারতীয় ক্রিকেট বোর্ডের সিদ্ধান্তে তাকে ছেড়ে দেয় কলকাতা নাইট রাইডার্স। এই ইস্যুতে ভারতে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে যায়নি বাংলাদেশ। এছাড়া পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশে আইপিএলের সব খেলা ও অনুষ্ঠান সম্প্রচার বন্ধ রাখতে নির্দেশ দিয়েছিল তথ্য মন্ত্রণালায়। মুস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার প্রেক্ষিতে জনস্বার্থে এই আদেশ জারি করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছিল মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে। তথ্য মন্ত্রণালয়ের সহকারী সচিব মো. ফিরোজ খান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, ''ভারতীয় ক্রিকেট বোর্ড কর্তৃক আগামী ২৬ মার্চ ২০২৬ (পরবর্তীতে সিদ্ধান্ত বদলে ২৮ মার্চ হয়েছে) থেকে অনুষ্ঠেয় ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) ক্রিকেট খেলায় বাংলাদেশের তারকা খেলোয়াড় জনাব মুস্তাফিজুর রহমানকে কলকাতা নাইট রাইডার্স দল থেকে বাদ দেওয়ার নির্দেশ দৃষ্টিগোচর হয়েছে। ভারতীয় ক্রিকেট বোর্ডের এহেন সিদ্ধান্তের কোনো যৌক্তিক কারণ জানা নেই এবং এমন সিদ্ধান্ত বাংলাদেশের জনগণকে ব্যথিত, মর্মাহত ও ক্ষুব্ধ করেছে।'' বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, শুধু খেলা নয়, আইপিএল সংক্রান্ত সব অনুষ্ঠানও বন্ধ রাখতে হবে। এমতাবস্থায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আইপিএলের সকল খেলা এবং অনুষ্ঠান প্রচার/সম্প্রচার রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## স্বাধীনতা দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট উন্মোচন করলেন প্রধানমন্ত্রীর

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ ডাক বিভাগের প্রকাশিত স্মারক সামগ্রীর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সকাল সাড়ে ৯টায় সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নিজ দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব সামগ্রীর উদ্বোধন করেন। উদ্বোধন করা সামগ্রীর মধ্যে রয়েছে ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকিট, ১০ টাকা মূল্যমানের একটি উদ্বোধনী খাম, ৫ টাকা মূল্যমানের একটি ডাটাকার্ড এবং একটি বিশেষ সিলমোহর। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## মার্কিন ফার্স্ট লেডির আমন্ত্রণে ওয়াশিংটনে ভাষণ দিলেন জুবাইদা রহমান

যুক্তরাষ্ট্রের ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্পের আমন্ত্রণে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান (২৪–২৫ মার্চ) ‘ফস্টারিং দ্য ফিউচার টুগেদার: গ্লোবাল কোয়ালিশন সামিট’ এ অংশগ্রহণের জন্য ওয়াশিংটন, ডিসিতে দুই দিনের সরকারি সফরে রয়েছেন। এই সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের চল্লিশের বেশি ফার্স্ট লেডি ও রাষ্ট্রনেতাদের সহধর্মিণীরা অংশগ্রহণ করেছেন। যা বিশ্বব্যাপী শিশুদের কল্যাণ ও সম্ভাবনা উন্নয়নে উচ্চপর্যায়ের সংলাপের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে কাজ করছে। মঙ্গলবার (২৪ মার্চ) যুক্তরাষ্ট্রের ফার্স্ট লেডি মার্কিন পররাষ্ট্র দপ্তরে সম্মেলনের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন এবং উদ্বোধনী বক্তব্য দেন। অনুষ্ঠানে ডা. জুবাইদা রহমান শিশুদের প্রতি যত্ন নেওয়া ও নিরাপদ পরিবেশে বেড়ে ওঠা, বাংলাদেশের জনগণের উন্নয়নের ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড এবং শিক্ষা ও স্বাস্থ্য খাতের পরিবর্তন ও সমৃদ্ধি আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এ সময় অন্তর্ভুক্তিমূলক, সহনশীল ও সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তুলতে বৈশ্বিক সহযোগিতা জোরদারের আহ্বান জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## রাজনৈতিক মামলায় এখনও আদালতের বারান্দায় ঘুরছেন ছাত্রদল নেতা

রাজনৈতিক কারণে প্রতিপক্ষকে ফাঁসাতে অস্ত্র, বিস্ফোরণ, ভাঙচুরসহ বিভিন্ন অভিযোগে দায়ের করা মামলাগুলোকে আদালত পাড়ায় রাজনৈতিক মামলা হিসেবেই বিবেচনা করা হয়। আর এমনই বেশ কয়েকটি মামলায় আদালতের বারান্দায় ঘুরতে দেখা গেছে ছাত্রদলের এক কেন্দ্রীয় নেতাকে। সারা দেশে যখন পবিত্র ইদুল ফিতর উপলক্ষে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে, তখনও বিগত আওয়ামী লীগ শাসনামলের রাজনৈতিক মামলায় হাজিরা দিতে আদালতের বারান্দায় উপস্থিত হতে হয়েছে সাবেক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের অন্যতম সহ-সভাপতি কাজী জিয়া উদ্দিন বাসিতকে। মঙ্গলবার ইদের চতুর্থ দিনে তিনি ঢাকার মহানগর দায়রা জজ কোর্ট প্রাঙ্গণে হাজিরা দিতে উপস্থিত হন। আদালত সূত্রে জানা গেছে, ২০২৩ সালের ২০ অক্টোবর অস্ত্র মামলা, বিস্ফোরণ, ভাঙচুরসহ বিভিন্ন অভিযোগে দায়ের করা একাধিক মামলার প্রধান আসামি হিসেবে কাজী জিয়া উদ্দিন বাসিতকে আদালতে প্রেরণ করা হয়। এর আগে ১৭ অক্টোবর রাজধানীর নয়াপল্টন এলাকা থেকে তৎকালীন গোয়েন্দা পুলিশ ডিবি ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা তাকে তুলে নিয়ে দুই দিন গুম করে রাখে এবং বিভিন্ন স্থানে নিয়ে ‘ক্রসফায়ার’ করার অপচেষ্টা চালানোর পর তৃতীয় দিন তাকে আদালতে উপস্থাপন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## সিনিয়র সহকারী সচিব হলেন ২৬৪ কর্মকর্তা

প্রশাসনে সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি পেয়েছেন ২৬৪ জন সহকারী সচিব। তাদের এ পদোন্নতি দিয়ে মঙ্গলবার রাতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয়, বিসিএস প্রশাসন ক্যাডারের ২৬৪ জন কর্মকর্তাকে ‘বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১’ এর বিধি ৫(বি) অনুযায়ী সিনিয়র স্কেলে সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি প্রদান করা হলো। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর যোগদানপত্র পাঠাবেন এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বর্তমান কর্মস্থলে স্ব স্ব পদে কর্মরত থাকবেন বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## গণহত্যা দিবস আজ

১৯৭১ সালের ২৫ মার্চ রাত, বাঙালি ইতিহাসের সবচেয়ে ভয়াবহ ও নির্মম এক রাত। সে রাতের বীভৎসতা এতটাই নির্মম যে হত্যা, ধর্ষণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ, ধ্বংসযজ্ঞের অতীত সব রেকর্ডকে ছাপিয়ে এটি হয়ে উঠেছে বিশ্বের ভয়ালতম গণহত্যার রাত। মানব সভ্যতার ইতিহাসে একটি কলঙ্কিত হত্যাযজ্ঞের সাক্ষী ২৫ মার্চ। একে কালরাত্রি হিসেবে অভিহিত করা হয়। প্রতিবছর এদিন পালন করা হয় গণহত্যা দিবস। পাকিস্তানি সেনাবাহিনী ১৯৭১ সালের ২৫ মার্চ রাতের সেনা অভিযানের সাংকেতিক নাম দিয়েছিল ‘অপারেশন সার্চলাইট’। সেদিন মধ্যরাতে ঢাকার পিলখানা, রাজারবাগ পুলিশলাইন, নীলক্ষেত এলাকায় নিরস্ত্র বাঙালির উপর আক্রমণ চালায় বর্বর হানাদার বাহিনী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষককে নির্মমভাবে হত্যা করা হয়। অন্যদিকে জহুরুল হক হলের প্রায় ২০০ জন ছাত্র ও রোকেয়া হলের ৩০০ জন ছাত্রীকে ঠান্ডা মাথায় গুলি করে হত্যা করে পাকবাহিনী। পাকিস্তানি সামরিক বাহিনী কর্তৃক

অপারেশন সার্চলাইটে নিহত ও আক্রান্তদের স্মরণে ২০১৭ সালের ১১ মার্চ বাংলাদেশের জাতীয় সংসদে ২৫ মার্চকে ‘গণহত্যা দিবস’ হিসেবে পালন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। আন্তর্জাতিক ভাবে ২৫ মার্চকে গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতি আদায়ে কাজ করে যাচ্ছে বাংলাদেশ সরকার। এরই মধ্যে এই অপরাধযজ্ঞকে গণহত্যা হিসেবে স্বীকৃতি দিয়েছে জেনোসাইড ওয়াচ এবং লেমকিন ইন্সটিটিউট ফর জেনোসাইড প্রিভেনশন। এছাড়া সংস্থা দুটি জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়কে বাংলাদেশে সংঘটিত গণহত্যাকে স্বীকৃতি প্রদানের জন্য আহ্বান জানায়। দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। রাষ্ট্রপতি বলেন, ২৫ মার্চ বাঙালির ইতিহাসে বেদনার ভয়াবহ অধ্যায়, যা জাতিকে সশস্ত্র মুক্তিযুদ্ধের পথে উজ্জীবিত করেছিল। তিনি মুক্তিযুদ্ধের সত্য ইতিহাস তরুণদের জানানোয় গুরুত্ব দেন এবং গণতান্ত্রিক রাষ্ট্র গঠনে সরকারের পদক্ষেপের কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, ২৫ মার্চ ছিল সুপরিকল্পিত গণহত্যা, যেখানে পাকিস্তানি সেনারা শিক্ষক, ছাত্র, পুলিশ ও সাধারণ মানুষকে নির্বিচারে হত্যা করে। তিনি মুক্তিযুদ্ধের চেতনা—সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায় প্রতিষ্ঠার আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## পাবনায় পূর্ববাংলার কমিউনিস্ট পার্টির পোস্টারিংয়ে তোলপাড়, জনমনে আতঙ্ক

পাবনার এক সময়ের চরমপন্থি অধ্যুষিত এলাকাগুলোতে নতুন করে নিষিদ্ধ ঘোষিত চরমপন্থিদের তৎপরতা শুরু হয়েছে। সম্প্রতি এসব এলাকায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন পূর্ববাংলার কমিউনিস্ট পার্টির প্রকাশ্য দেয়াল লিখন ও পোস্টার দেখা গেছে। একইসঙ্গে দেশের বিভিন্ন স্থান থেকে কয়েকটি বড় অস্ত্র ও গোলাবারুদের চালান উদ্ধার ও গ্রেফতার আসামিদের সঙ্গে পাবনা অঞ্চলের চরমপন্থি সংগঠনের কানেকশনের কথা জানিয়েছে র‍্যাব। দীর্ঘ এক দশক পরে হঠাৎ চরমপন্থি তৎপরতা বেড়ে যাওয়ায় স্থানীয়দের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা জানান, গত শনিবার ইদের দিন রাতে আতাইকুলা থানা এলাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নিষিদ্ধ ঘোষিত সংগঠন পূর্ববাংলা কমিউনিস্ট পার্টির নামে পোস্টার সাঁটানো হয়। প্রায় এক দশকেরও বেশি সময় পর নিষিদ্ধ ঘোষিত এ সংগঠনের পোস্টারে সর্বহারার সমাজতন্ত্র কায়েমের পাশাপাশি স্থানীয় তাঁত শিল্প রক্ষার কথা বলা হয়েছে। দীর্ঘদিন নীরব থাকার পর এ ধরনের তৎপরতা চরমপন্থি সংগঠনের পুনরুত্থানের ইঙ্গিত দিচ্ছে বলে মনে করছেন স্থানীয় লোকজন। খোঁজ নিয়ে জানা যায়, রোববার  সকাল থেকে আটঘরিয়া, ফরিদপুর, সাঁথিয়া এলাকার একদন্ত, লক্ষ্মীপুর, বৃহস্পতিপুর, ভুলবাড়িয়া, তেবাড়িয়া, শ্রীপুর, শিবপুর, শরৎগঞ্জ, ধানুয়াটা, বালুঘাটা, আয়েনগঞ্জ, হাদল, ধূলাউরীসহ বিভিন্ন বাজারে এ পোস্টার দেখা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬আসাদ)

## কক্সবাজারে সৈকতে ছুরিকাঘাতে জুলাই যোদ্ধা খুন

কক্সবাজার সৈকতের কবিতা চত্বর পয়েন্টে ছুরিকাঘাতে জুলাই যোদ্ধা খোরশেদ আলম (২৬) নিহত হয়েছেন। মঙ্গলবার রাত প্রায় সাড়ে ১০টার দিকে এ ঘটনা ঘটে। ঘটনার পর তার সঙ্গে থাকা তারিন নামে আরেক নারী সমন্বয়ককে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নিয়েছে পুলিশ। সদর থানার ওসি ছমিউদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। নিহত খোরশেদ আলম কক্সবাজার সদর উপজেলার ইসুলুর ঘোনা এলাকার বাসিন্দা এবং শাহ্ আলমের ছেলে। তিনি কক্সবাজার শহরে ছাত্রদলের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, রাত সাড়ে ১০টার দিকে কবিতা চত্বর এলাকায় অবস্থানকালে দুষ্কৃতকারীরা খোরশেদ আলমের ওপর হামলা চালায়। এসময় তাকে ছুরি দিয়ে আঘাত করা হলে তিনি গুরুতর আহত হন। পরে তার বন্ধু ও সহপাঠীরা দ্রুত তাকে উদ্ধার করে কক্সবাজার সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। প্রাথমিকভাবে তার পেট ও পায়ে ছুরিকাঘাতের চিহ্ন পাওয়া গেছে বলে হাসপাতাল সূত্র জানিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬আসাদ)

## অ্যাটর্নি জেনারেল হলেন ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল

দেশের ১৮তম অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ পেয়েছেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। বুধবার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সূত্র বিষয়টি নিশ্চিত করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রস্তুত করা হচ্ছে। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির এই সদস্য বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য হিসেবে রয়েছেন। এছাড়া তিনি সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সম্পাদক ছিলেন। ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাসিন্দা রুহুল কুদ্দুস কাজল ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে নির্বাচন পরিচালনার লক্ষ্যে গঠিত বিএনপির কেন্দ্রীয় নির্বাচন কমিটির সদস্য ছিলেন। পরে তাকে টিম লিডার করে আইনি সহায়তা সাব-কমিটি গঠন করা হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## তেলের দাম বাড়ার সম্ভাবনা নেই, মজুত করলে লাভ হবে না : জাহেদ উর রহমান

জ্বালানি তেলের দাম না বাড়ার বিষয়টি স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তাই পেট্রোল পাম্পের মালিকসহ কেউ তেল মজুত করলে লাভবান হতে পারবে না বলে বলে জানিয়েছেন প্রতিমন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান। বুধবার সচিবালয়ে সরকারের এক মাস নিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আয়োজিত সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা জানান। এ সময় তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন, তথ্য ও সম্প্রচার

প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী, তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা উপস্থিত ছিলেন। উপদেষ্টা বলেন, 'আমাদের খুবই দুর্ভাগ্য, আমাদের জাতিরও দুর্ভাগ্য যে আমরা খুব অল্প সময়ের মধ্যে একটা গ্লোবাল ক্রাইসিসে পড়েছি।' তিনি বলেন, এমনকি ধনী দেশগুলো পর্যন্ত-এই যে ট্রাম্প যুদ্ধ থেকে সরে আসছে চিন্তা করছে বলা হচ্ছে কারণ তার সামনে মিড-টার্ম ইলেকশন আছে। তার আগে যদি তার দেশেও প্রচুর ইনফ্লেশন হয়ে যায় সে ক্ষতিগ্রস্ত হবে। সো আমরা আসলে মূলত ঐ সংকটে পড়েছি। এখন সবার দায়িত্ব মানুষকে এটা বলার চেষ্টা করা-প্যানিক বায়িং এবং মজুত যেন তারা অতটা না করেন। আর হ্যাঁ, পাম্প পর্যায়ে হয়তো কেউ কেউ স্টোর করার চেষ্টা করছে। আমাদের সরকার সেগুলো একটু দেখার চিন্তা করছে।' উপদেষ্টা বলেন, 'আমি পাম্প মালিকদের উদ্দেশ্যে বলতে চাই- মজুত করার যদি প্রবণতা কারো থাকে, তারা মনে করছেন যে দাম যে কোনো মুহূর্তে বেড়ে যাবে। আমাদের প্রধানমন্ত্রী স্পষ্টভাবে জানিয়েছেন জ্বালানি তেলের দাম বাড়ছে না। সুতরাং জ্বালানি তেলের দাম যেহেতু বাড়ছে না, এই মজুত করে রাখার প্রবণতা আসলে তাদের জন্য খুব বেশি বেনিফিশিয়াল হবে না।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

## পদ্মায় বাসডুবির ঘটনায় নারীর মরদেহ উদ্ধার

রাজবাড়ীর দৌলতদিয়ায় পদ্মা নদীতে সৌহার্দ্য পরিবহনের একটি যাত্রীবাহী বাস পড়ে যাওয়ার ঘটনায় এক নারীর মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। তাৎক্ষণিকভাবে মরদেহের নাম-পরিচয় জানা যায়নি। এর আগে বুধবার (২৫ মার্চ) বিকেলে দৌলতদিয়ার ৩ নম্বর ফেরিঘাট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় স্থানীয়রা কয়েকজনকে উদ্ধার করলেও বহু হতাহতের আশঙ্কা করা হচ্ছে। ফরিদপুর ফায়ার সার্ভিসের কমান্ডার মো. বেলাল উদ্দিন জাগো নিউজকে মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ফরিদপুর ফায়ার সার্ভিসের দুজন ডুবুরি, দুজন সহকারী ডুবুরি উদ্ধারকাজে অংশ নিয়েছেন। এছাড়া পাঁচ সদস্যবিশিষ্ট ফায়ার সার্ভিসের একটি দল উদ্ধারকাজে অংশ নিয়েছে। রাত সাড়ে ৭টা পর্যন্ত একজন নারীর মরদেহ উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ৪০ জনের মতো মরদেহ পানির নিচে রয়েছে। দৌলতদিয়া ফেরিঘাটে দায়িত্বপ্রাপ্ত পরিবহনের ঘাট তত্ত্বাবধায়ক মো. মনির হোসেন জানান, বিকেল ৫টার দিকে সৌহার্দ্য পরিবহনের যাত্রীবাহী বাসটি দৌলতদিয়ার ৩ নম্বর ঘাটে আসে। এসময় ঘাটে থাকা একটি ফেরি যানবাহন নিয়ে মানিকগঞ্জের পাটুরিয়ার উদ্দেশ্যে ছেড়ে যায়। অল্পের জন্য তাতে উঠতে না পারায় অন্য ফেরির জন্য বাসটি অপেক্ষা করছিল। সোয়া ৫টার দিকে ঐ ঘাটে 'হাসনাহেনা' নামের একটি ইউটিলিটি (ছোট) ফেরি এসে সজোরে পন্টুনে আঘাত করে। ফেরির ধাক্কায় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি পদ্মা নদীতে পড়ে যায়। তিনি আরও জানান, বাসে নারী-শিশুসহ অন্তত ৪০ জন যাত্রী ছিলেন। ইতোমধ্যে কয়েকজন যাত্রী ওপরে উঠতে পারলেও বেশিরভাগ যাত্রী বাসের ভেতর আটকা পড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি তেলের মজুত পর্যাপ্ত, আরও বাড়ানোর চেষ্টা হচ্ছে

দেশে জ্বালানি তেলের মজুত পর্যাপ্ত রয়েছে, এটি আরও বাড়ানোর চেষ্টা চলছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। বুধবার (২৫ মার্চ) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে মন্ত্রিসভা বৈঠক শেষে ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি। এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভা বৈঠক হয়। সাধারণত দেশে জ্বালানি তেলের ১৫ দিনের মজুত থাকে, কিন্তু বর্তমানে এক মাসের মজুত রয়েছে বলেও জানান মন্ত্রিপরিষদ সচিব। প্রধানমন্ত্রী আজ দিনভর ব্যস্ত ছিলেন। সকালে জ্বালানি পরিস্থিতি নিয়ে একটা বৈঠক হয়েছে, যেখানে অর্থমন্ত্রী ও জ্বালানি মন্ত্রী ছিলেন। আন্তর্জাতিক যে ক্রাইসিস আমরা জানি—সরকার আসলে কী ভাবছে? প্রধানমন্ত্রী আসলে কী বলছেন? জানতে চাইলে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'প্রধানমন্ত্রী বিষয়টি রিভিউ করার জন্য সরকারি যত সামর্থ্য আছে, সব কিছু যাচাই করেছেন। তিনি দেখেছেন যে কীভাবে চলছে, কাজ কী কী অগ্রসর হয়েছে, মন্ত্রণালয় কী কী পদক্ষেপ নিয়েছে এবং আমাদের কী অবস্থা আছে। আমি জাস্ট সংক্ষেপে এটুকু বলতে পারি যে, আমাদের এর আগে জেনারেলি (সাধারণত) ১৫ দিনের একটা মজুত থাকত। তো এখন পর্যন্ত রিজার্ভ সাফিশিয়েন্ট (পর্যাপ্ত) রয়েছে।' মানুষ আতঙ্কে তেল কিনছে জানিয়ে নাসিমুল গনি বলেন, 'এগুলো (জ্বালানি তেল) তো অতিরিক্ত কিনলে নষ্টই হবে বলে মনে হয়। তো এগুলো হচ্ছে কিছু। তো সেটা হয়তো আর কয়েকদিন পর কেটে যাবে মানুষের মধ্যে আস্থা ফেরত আসলে। সরকার থেকে আগামীতে শিগগির যে প্ল্যান নেওয়া হয়েছে, তাতে এই রিজার্ভটা আরও বড় করার চেষ্টা করা হচ্ছে।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## আমদানি না হলে ২১ দিনে শেষ হবে অকটেন, ৩৩ দিনে পেট্রোল

হালকা যানবাহনের জ্বালানি হিসেবে ব্যবহৃত পেট্রোল ও অকটেনের বড় অংশ পাওয়া যায় দেশি উৎস থেকে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) দাবি, পেট্রোল শতভাগ দেশি উৎস থেকে পাওয়া যায়। তবে তথ্য বলছে, আমদানি করা পরিশোধিত অকটেনের একটি অংশও পেট্রোল তৈরিতে ব্যবহার করে ইস্টার্ন রিফাইনারি। মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের কারণে জ্বালানি আমদানিতে হিমশিম খেতে হচ্ছে বিপিসিকে। দেশীয় উৎসগুলোতে উৎপাদন স্বাভাবিক থাকলেও আর আমদানি না করা গেলে অকটেন চলবে ২১ দিন। ৩৩ দিনে পেট্রোলের মজুত শূন্য হয়ে যাবে। বিষয়টি জানতে মঙ্গলবার (২৪ মার্চ) দিনভর বিপিসিতে অবস্থান করেও কোনো কর্মকর্তার বক্তব্য পাওয়া যায়নি। বিপিসির একটি সূত্র বলছে, চলতি মাসে অকটেন আমদানির কোনো শিডিউল নেই। এপ্রিলের ৫ থেকে ৭ তারিখের মধ্যে ২৫ হাজার টনের একটি পার্সেলের শিডিউল রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## এক কোটি লিটার পাম তেল কিনবে সরকার, ব্যয় ১৬৩ কোটি টাকা

টিসিবি'র কার্ডধারী নিম্নআয়ের এক কোটি পরিবারের কাছে ভর্তুকি মূল্যে বিক্রির লক্ষ্যে এক কোটি লিটার পরিশোধিত পাম তেল কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। প্রতি লিটার পাম তেলের দাম ধরা হয়েছে ১৬৩ টাকা ৪৮ পয়সা। এতে এক কোটি লিটার পাম তেল কিনতে ব্যয় হবে ১৬৩ কোটি ৪৮ লাখ টাকা। বুধবার (২৫ মার্চ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই পাম তেল কেনার অনুমোদন দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক সূত্রে জানা গেছে, স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে এক কোটি লিটার পরিশোধিত পাম তেল পাঁচটি লটে কেনার একটি প্রস্তাব নিয়ে আসে বাণিজ্য মন্ত্রণালয়। টিসিবির কার্ডধারী নিম্নআয়ের এক কোটি পরিবারের কাছে ভর্তুকি মূল্যে বিক্রির লক্ষ্যে এই পাম তেল কেনার জন্য স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হলে ১৬টি দরপ্রস্তাব জমা পড়ে। সবগুলো প্রস্তাবই টিইসি (দরপত্র মূল্যায়ন কমিটি) কর্তৃক রেসপনিসভ বিবেচিত হয়। দরপ্রস্তাবগুলো যাচাই-বাছাইসহ সব প্রক্রিয়া শেষে টিইসি পাঁচটি লটে সুপারিশ করা রেসপনসিভ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান শবনম ভেজিটেবল অয়েল ইন্ডাস্ট্রিজের কাছ থেকে ১ কোটি লিটার পরিশোধিত পাম তেল ১৬৩ কোটি ৪৮ লাখ টাকায় কেনার সিদ্ধান্ত নেওয়া হয়। টিসিবি'র গুদাম পর্যন্ত পরিবহন খরচসহ প্রতি লিটার পাম তেলের দাম পড়বে ১৬৩ টাকা ৪৮ পয়সা। ২০২৫-২৬ অর্থবছরে ভোজ্য তেল কেনার লক্ষ্যমাত্রা ২৩ কোটি লিটার। এ পর্যন্ত ক্রয়চুক্তি সম্পাদন হয়েছে ৬ কোটি ৫ লাখ লিটার। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## যুদ্ধ পরিস্থিতিতে বাড়তি দামে আরও দুই কার্গো এলএনজি কিনবে সরকার

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে দ্বিগুণের বেশি দামে আরও দুই কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। যুক্তরাজ্য থেকে এই দুই কার্গো এলএনজি কেনা হবে। এতে ব্যয় হবে এক হাজার ৬৬৬ কোটি ৭৯ লাখ ১৩ হাজার ২৪ টাকা। বুধবার (২৫ মার্চ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই এলএনজি আমদানির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। এর আগে গত ১১ মার্চ অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে বাড়তি দামে আরও তিন কার্গো এলএনজি আমদানির অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে উত্তর কোরিয়া থেকে দুই কার্গো এবং যুক্তরাজ্য থেকে এক কার্গো এলএনজি আনার সিদ্ধান্ত হয়। এই তিন কার্গো এলএনজি আমদানিতে ব্যয় ধরা হয় দুই হাজার ৬৫৪ কোটি ৫৪ লাখ ৬৩ হাজার ২৮০ টাকা। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৈঠকে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি-১০৫(৩) (ক)-অনুসরণে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ায় স্পট মার্কেট থেকে দুই কার্গো এলএনজি কেনার প্রস্তাব নিয়ে আসে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। কমিটি এই প্রস্তাব অনুমোদন দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## গণভোট অধ্যাদেশ বাতিলের প্রস্তাব করেছে সরকারি দল, দাবি জামায়াতের

গণভোট অধ্যাদেশ বাতিলের জন্য ক্ষমতাসীন তথা সরকারি দল বিএনপির পক্ষ থেকে সংসদের বিশেষ কমিটিতে প্রস্তাব করা হয়েছে, এমন দাবি করেছে সংসদের প্রধান বিরোধীদল জামায়াত। বিরোধী দলীয় হুইপ ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল রফিকুল ইসলাম খান জানিয়েছেন, বিএনপির আপত্তির কারণে বুধবার অনুষ্ঠিত বিশেষ কমিটির বৈঠকে অন্তর্বর্তীকালীন সরকারের আমলে জারি করা গণভোট অধ্যাদেশ সংসদে উত্থাপনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া যায়নি। আগামী রোববার অনুষ্ঠিত তৃতীয় বৈঠকে বিষয়টি নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। বুধবার (২৫ মার্চ) জাতীয় সংসদ ভবনের কেবিনেট কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদের বিশেষ কমিটির প্রথম বৈঠকের মুলতবি বৈঠক শেষে সংসদ গেটে তিনি সাংবাদিকদের এসব কথা জানান। রফিকুল ইসলাম খান জানান, বৈঠকে অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে প্রায় ১১৫টি সংসদে উত্থাপনের বিষয়ে একমত হয়েছে সরকারি দল ও বিরোধী দল। গণভোট, দুদক কমিশন, গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, মানবাধিকার অধ্যাদেশসহ ১৮টি অধ্যাদেশের বিষয়ে এখনো একমত হওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## 'নবীন' পাঞ্জাবির দোকান চালুর নির্দেশ, ওসিকে শোকজ

রাজধানীর মগবাজারে 'নবীন' ব্র্যান্ডের একটি পাঞ্জাবির দোকান জোরপূর্বক বন্ধ করে দেওয়ার ঘটনায় তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন আদালত। এ ঘটনায় পুলিশের ভূমিকা খতিয়ে দেখতে সংশ্লিষ্ট থানার ওসিকে শোকজ করা হয়েছে এবং দোকানটি দ্রুত চালুর নির্দেশ দেওয়া হয়েছে। বুধবার (২৫ মার্চ) ঢাকা মহানগর চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতের বিচারক মোহাম্মদ মোস্তাফিজুর রহমান স্বপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। আদালত সূত্রে জানা যায়, একটি জাতীয় দৈনিকের অনলাইন সংস্করণে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে বিষয়টি বিচারকের নজরে আসে। মগবাজারের এ ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে; তিন দিনের মধ্যে ব্যাখ্যা তলব করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, মগবাজারের 'বিশাল সেন্টার' মার্কেটে 'নবীন' ব্র্যান্ডের একটি পাঞ্জাবির দোকানে একদল ব্যক্তি পুলিশের উপস্থিতিতে গিয়ে দোকানটি বন্ধ করে দিতে বাধ্য করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## শিক্ষানবিশ চার সহকারী পুলিশ সুপারকে চাকরি থেকে অপসারণ

পুলিশের বিসিএস (পুলিশ) ক্যাডারের চারজন কর্মকর্তাকে চাকরি থেকে অপসারণ করেছে সরকার। বুধবার (২৫ মার্চ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপ-সচিব তৌছিফ আহমেদ। অপসারণ করা চার কর্মকর্তারা হলেন— সাজিদ বিন কামাল, রতন বালা, মো. আব্দুল আজিজ এবং তাহমিদ আহমদ। প্রজ্ঞাপনে বলা হয়, বিসিএস (পুলিশ) ক্যাডারের ৪৩তম ব্যাচের চারজন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারকে সিভিল সার্ভিস নিয়োগ নীতিমালা মোতাবেক সরকারি চাকরি থেকে অপসারণ করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশের স্বাধীনতা দিবসে মিশরের প্রেসিডেন্টের শুভেচ্ছা

বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল সিসি। বুধবার (২৫ শে মার্চ) কায়রোস্থ বাংলাদেশ দূতাবাসে নিযুক্ত রাষ্ট্রদূত সামিনা নাজের সঙ্গে সাক্ষাৎ করে প্রেসিডেন্টের শুভেচ্ছা বার্তা পৌঁছে দেন দেশটির প্রেসিডেন্টের ক্যাবিনেটের চেম্বারলেইন মোহাম্মদ ন্যাগম। তিনি রাষ্ট্রদূতের কার্যালয়ে এসে মিশরের প্রেসিডেন্টের পক্ষ থেকে বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং জনগণের প্রতি শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এ সময় বাংলাদেশের রাষ্ট্রদূত সামিনা নাজ মিশরের প্রেসিডেন্টের পক্ষ থেকে প্রদত্ত এই সম্মান ও ব্যতিক্রমী সৌজন্যের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, মিশরের প্রেসিডেন্টের এই শুভেচ্ছা বার্তা বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং দেশের জনগণের কাছে যথাযথভাবে পৌঁছে দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## দুই মরদেহ ও জীবিত একজনকে উদ্ধার, তিনজনই নারী

রাজবাড়ীর দৌলতদিয়ায় পদ্মা নদীতে সৌহার্দ্য পরিবহনের একটি যাত্রীবাহী বাস ডুবে যাওয়ার ঘটনায় এখন পর্যন্ত দুজনের মরদেহ ও একজনকে জীবিত উদ্ধার করা হয়েছে। তিনজনই নারী। তবে ৪০ জনের মতো মরদেহ পানির নিচে রয়েছে বলে ধারণা করছে ফায়ার সার্ভিস। নিহতরা হলেন রাজবাড়ীর ভবানীপুরের বাসিন্দা রেহেনা (৫৫) ও মর্জিনা (৬০)। জীবিত নারীর নাম নুসরাত (২৯)। তিনি পেশায় একজন চিকিৎসক। তার বাড়িও ভবানীপুরে। বুধবার (২৫ মার্চ) বিকেলে গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ার ৩ নম্বর ফেরিঘাট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ফরিদপুর ফায়ার সার্ভিসের কমান্ডার মো. বেলাল উদ্দিন জাগো নিউজকে মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, রাত সোয়া ৮টা পর্যন্ত দুই নারীর মরদেহ ও একজনকে উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ৪০ জনের মতো মরদেহ পানির নিচে রয়েছে। তিনি আরও বলেন, ফরিদপুর ফায়ার সার্ভিসের দুজন ডুবুরি, দুজন সহকারী ডুবুরি উদ্ধারকাজে অংশ নিয়েছেন। পাশাপাশি পাঁচ সদস্যবিশিষ্ট ফায়ার সার্ভিসের একটি দল উদ্ধারকাজে অংশ নিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## পানির ৯০ ফুট গভীরে রয়েছে বাসটি, বৃষ্টিতে ব্যাহত হচ্ছে উদ্ধারকাজ

রাজবাড়ীর দৌলতদিয়া ঘাটে ফেরিতে ওঠার সময় পদ্মা নদীতে পড়ে যাওয়া বাসটি ৯০ ফুট গভীরে চলে গেছে। বাসটির অবস্থান শনাক্ত করে উদ্ধারকাজ চলছে। তবে বৃষ্টিতে ব্যাহত হচ্ছে উদ্ধারকাজ। বাসটি পানির ৯০ ফুট গভীরে রয়েছে বলে নিশ্চিত করেন রাজবাড়ী জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাফিজুর রহমান। ফায়ার সার্ভিস সদর দপ্তর থেকে জানানো হয়েছে, ঢাকা সদর দপ্তর থেকে আরও ডুবুরি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ চালাচ্ছে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, বাসটিতে ৫০ জনের মতো যাত্রী ছিলেন। এদের মধ্যে ৫-৭ জন সাঁতরে তীরে উঠতে সক্ষম হন। বাসটিতে থাকা অন্য যাত্রীদের এখনো হদিস পাওয়া যায়নি। গোয়ালন্দ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, যাত্রীরা এখনো বাসের ভেতরে রয়েছেন। উদ্ধারকাজ চলছে। তবে প্রচণ্ড বৃষ্টিতে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## পদ্মায় ডুবলো যাত্রীবাহী বাস, 'কর্তৃপক্ষের অবহেলা' দেখছেন মির্জা ফখরুল

রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাটে অর্ধশত যাত্রী নিয়ে পদ্মা নদীতে বাস ডুবে যাওয়ার ঘটনায় 'কর্তৃপক্ষের অবহেলা ও অমনোযোগিতা' রয়েছে বলে মনে করছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। নদীতে বাস ডুবে হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তিনি উদ্ধারকাজ দ্রুত সম্পন্ন করতে এবং তদন্ত কমিটি গঠন করে দায়ীদের খুঁজে বের করার বিষয়ে জোর দিয়েছেন। বুধবার (২৫ মার্চ) রাতে এক বিবৃতিতে মির্জা ফখরুল বলেন, দৌলতদিয়া ঘাটে এ ধরনের মর্মান্তিক দুর্ঘটনায় দেশজুড়ে উদ্বেগ-উৎকণ্ঠা সৃষ্টি হয়েছে। এতে অসংখ্য হতাহতের আশঙ্কা করা হচ্ছে। বিএনপি মহাসচিব অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা ও অমনোযোগিতার কারণে এ ধরনের প্রাণহানি ঘটছে। আগে থেকেই সতর্কতা অবলম্বন করা হলে ক্ষয়ক্ষতি এড়ানো সম্ভব হতো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## এসএসসি ও এইচএসসি পরীক্ষা ডিসেম্বরে শেষ করতে চায় সরকার

এসএসসি ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষাগুলো নির্ধারিত বছরের ডিসেম্বরের মধ্যেই শেষ করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বর্তমানে একজন শিক্ষার্থী

যে বছর দশম শ্রেণির ক্লাস শেষ করে, তার পরবর্তী বছর এসএসসি পরীক্ষা দেওয়ার সুযোগ পায়। এইচএসসি পরীক্ষার ক্ষেত্রেও একই অবস্থার সম্মুখীন হয়। ওই শিক্ষার্থীর শিক্ষাজীবনের প্রায় দুই বছর সময় তার শিক্ষাজীবন থেকে হারিয়ে যায়। শিক্ষামন্ত্রী বলেন, এ বিষয়টি শিক্ষার্থীদের জীবনে ও আমাদের জাতীয় জীবনে একটা বড় রকমের ক্ষতি। এ পরিপ্রেক্ষিতে প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে এসএসসি ও এইচএসসি পরীক্ষা সম্পন্ন করা যায় কি না, তা নিয়ে কাজ করতে হবে। এটা করা জরুরি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## এইচএসসি পরীক্ষা হবে একই প্রশ্নে, কেন্দ্রে থাকবে সিসি ক্যামেরা

চলতি ২০২৬ সাল থেকেই দেশের সব শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষা নেওয়া হবে অভিন্ন প্রশ্নপত্রে (একই প্রশ্নপত্র)। পাশাপাশি প্রতিটি কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে। বুধবার (২৫ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সঙ্গে এইচএসসি ও সমমান পরীক্ষা নিয়ে আয়োজিত মতিবিনিময় সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় দেশের সকল বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করতে প্রতিটি পরীক্ষা কক্ষে বাধ্যতামূলকভাবে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি ক্যামেরা) স্থাপন করার বিষয়েও আলোচনা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## আইনে পরিণত হচ্ছে রাজস্ব আদায় সংক্রান্ত ৫ অধ্যাদেশ

অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে জারি করা রাজস্ব আদায় সংক্রান্ত পাঁচটি অধ্যাদেশ আইনে পরিণত হচ্ছে। এজন্য এ সংক্রান্ত আইনের পাঁচটি খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বুধবার (২৫ মার্চ) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে মন্ত্রিপরিষদ সচিব ব্রিফিংয়ে এ অনুমোদনের কথা জানান। বৈঠকে 'মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) আইন, ২০২৬', 'অর্থ আইন (২০২৫-২৬ অর্থবৎসর), ২০২৬', 'অর্থ সংক্রান্ত কতিপয় (সংশোধন) (২০২৫-২৬ অর্থবৎসর) আইন, ২০২৬', 'দ্য এক্সাইজ অ্যান্ড সল্ট (আমেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০২৬' এবং 'অর্থ সংক্রান্ত কতিপয় (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২৬' এর খসড়া লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগের ভেটিং-সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। খসড়া আইনগুলো উপস্থাপন করেছে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। 'মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) আইন, ২০২৬' এর খসড়ার বিষয়ে তিনি বলেন, বিগত অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদে অব্যাহতির সংস্কৃতি পরিহারপূর্বক ভ্যাটের আওতা বৃদ্ধি, হ্রাসকৃত হার ক্রমান্বয়ে সংকোচনপূর্বক আদর্শ হারে উন্নীতকরণ, কাঙ্ক্ষিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনসহ কর-জিডিপির অনুপাত বৃদ্ধির লক্ষ্যে 'মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২' সংশোধন করে 'মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## নিজেদের ওপর অর্পিত দায়িত্ব যথাযথ পালন করাই স্বাধীনতার মূলমন্ত্র

ধর্ম মন্ত্রণালয়ের সচিব মুন্সী আলাউদ্দিন আল আজাদ বলেছেন, নিজেদের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করাই স্বাধীনতার মূলমন্ত্র। সরকারি কর্মচারীদের নিজেদের দায়িত্ব সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করাই হোক স্বাধীনতা দিবসের শপথ। বুধবার (২৫ মার্চ) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে 'স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ধর্ম সচিব বলেন, একই ধরনের ভাষা, সংস্কৃতি ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যগত মিল থাকার পরও আমাদের জাতীয় ঐক্যে ঘাটতি রয়েছে। একমাত্র শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান জাতীয় ঐক্য ও সংহতি প্রতিষ্ঠা করতে পেরেছেন। সভায় বিশেষ অতিথি হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আ. ছালাম খান বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশন সমন্বয় বিভাগের পরিচালক মো. মহিউদ্দিন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## 'জুলাই সুরক্ষা' সংক্রান্ত ৪ অধ্যাদেশ হুবহু সংসদে উপস্থাপন করা হবে

অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশ নিয়ে পর্যালোচনার কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানান, 'জুলাই সুরক্ষা' সংক্রান্ত চারটি অধ্যাদেশের বিষয়ে সব সদস্য একমত হয়েছেন এবং এগুলো হুবহু সংসদে উপস্থাপন করা হবে। বুধবার (২৫ মার্চ) বিশেষ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ১৩৩টি অধ্যাদেশকে তিনটি ভাগে ভাগ করে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। প্রথমত, কিছু অধ্যাদেশ যেভাবে আছে সেভাবেই সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিল আকারে এনে পাস করবে। দ্বিতীয়ত, কিছু অধ্যাদেশে প্রয়োজনীয় সংশোধনীসহ বিল উত্থাপন করা হবে। তৃতীয়ত, যেসব বিষয়ে একমত হওয়া যাবে না, সেগুলো এই অধিবেশনে 'ল্যাপস' (বাতিল) হয়ে যাবে; প্রয়োজনে পরবর্তী অধিবেশনে নতুন বিল হিসেবে আসবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## ৬০ দিনের মধ্যে সব বিশ্ববিদ্যালয়ে ফ্রি ওয়াইফাই দিতে হবে: ইউজিসি

দেশের সব পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ৬০ দিনের মধ্যে ফ্রি ওয়াইফাই সুবিধা নিশ্চিত করতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দেশনা দেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। কমিশন থেকে এ সংক্রান্ত

নির্দেশনা পাঠানোর বিষয়টি চূড়ান্ত হয়েছে। বুধবার (২৫ মার্চ) ইউজিসির জনসংযোগ ও প্রকাশনা বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ জামিনুর রহমানের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ইউজিসি চেয়ারম্যান ড. মামুন আহমেদের সভাপতিত্বে কমিশন কার্যালয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সভায় প্রাথমিকভাবে আগামী ৬০ কার্যদিবসের মধ্যে দেশের প্রতিটি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি, কমনরুম ও ক্যাফেটেরিয়ায় ফ্রি ওয়াইফাই সুবিধা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। এ উদ্যোগ বাস্তবায়নে সহযোগিতা করবে বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিরেন)। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসহ অন্যান্য শিক্ষা ও গবেষণা অবকাঠামোতেও এ সুবিধা সম্প্রসারণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## অনিয়মের দায়ে আরও ৫ হাসপাতাল ও ব্লাড ব্যাংক বন্ধ করলো সরকার

অনিয়মের দায়ে রাজধানীতে অভিযান পরিচালনার পর আরও পাঁচ প্রতিষ্ঠান বন্ধ করে দিয়েছে সরকার। বুধবার (২৫ মার্চ) স্বাস্থ্য অধিদপ্তর এ তথ্য জানায়। স্বাস্থ্য অধিদপ্তর বলছে, গত তিনদিন স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশনায় গঠিত টিম রাজধানীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে বিভিন্ন হাসপাতাল ও ব্লাড ব্যাংকের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। এর মধ্যে রাজধানীর নিমতলীর মজেদ সরকার রোডের আহমেদ স্পেশালাইজড হাসপাতাল, হোসনি দালান রোডের একটিভ ব্লাড ব্যাংক, ট্রান্সফিউশন অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার, নাজিমউদ্দিন রোডের ক্রিয়েটিভ ব্লাড ব্যাংক, অথেনটিক হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার এবং প্রাইম টিজি ডায়াগনস্টিক ও কনসালটেশন সেন্টার বন্ধ করা হয়েছে। এর আগে রাজধানীর কলেজ গেট এলাকার মুক্তিযোদ্ধা টাওয়ারে অভিযান চালিয়ে ছয়টি বেসরকারি হাসপাতাল ও একটি ব্লাড ব্যাংকে গুরুতর অনিয়মের প্রমাণ পায় স্বাস্থ্য অধিদপ্তর। এর দায়ে দুটি হাসপাতাল সম্পূর্ণ ও দুটি আংশিক বন্ধ এবং বাকি তিন প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে। এগুলো হলো- যমুনা হাসপাতাল, রয়েল মাল্টিস্পেশালিটি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার, ঢাকা হেলথ কেয়ার হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার, রেডিয়াম ব্লাড ব্যাংক, টিজি মাল্টি স্পেশালাইজড হাসপাতাল অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার, প্রাইম অর্থোপেডিক ও জেনারেল হসপিটাল অ্যান্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার এবং প্রাইম ব্লাড ব্যাংক। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## আজ মহান স্বাধীনতা দিবস

মহান ২৬ মার্চ স্বাধীনতা দিবস। ১৯৭১ সালের এ দিনে হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির ওপর সশস্ত্র আক্রমণ করে। পরে সেই আক্রমণ প্রতিরোধ করে ৯ মাস লড়াই চালিয়ে বাংলাদেশ স্বাধীন করে মুক্তিকামী বাঙালি।

২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী আধুনিক অস্ত্রে সজ্জিত হয়ে নিরস্ত্র বাঙালির ওপর আক্রমণ ও গণহত্যা শুরু করে। 'অপারেশন সার্চলাইট'-এর নামে চালানো এই হত্যাযজ্ঞের প্রেক্ষিতে ২৬ মার্চের প্রথম প্রহরে শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। পরবর্তীতে ২৬ মার্চ মেজর জিয়াউর রহমান (পরবর্তীকালে রাষ্ট্রপতি) চট্টগ্রামের কালুরঘাট বেতারকেন্দ্র থেকে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন। স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে বিশ্বের মানচিত্রে অভ্যুদয় ঘটে বাংলাদেশ নামে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের। একই রাতে পাকিস্তানি বাহিনী শেখ মুজিবুর রহমানকে গ্রেপ্তার করে পাকিস্তানে নিয়ে যায়।

২৫ মার্চ রাতেই ঢাকা বিশ্ববিদ্যালয়, পিলখানা ও রাজারবাগে অতর্কিত হামলা চালিয়ে ছাত্র-শিক্ষক, পুলিশ ও সামরিক সদস্যদের হত্যা করা হয়। নিরীহ মানুষের বাড়িঘরে আগুন দেওয়া হয়। এই পরিস্থিতিতে ২৬ মার্চ থেকেই ছাত্র, কৃষক, শ্রমিক, বুদ্ধিজীবী, নারী-পুরুষসহ সর্বস্তরের মানুষ জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

পাকিস্তানি বাহিনীর সঙ্গে তাদের দোসর রাজাকার, আলবদর ও আলশামস বাহিনীও গণহত্যা ও ধ্বংসযজ্ঞে অংশ নেয়। এর বিরুদ্ধে অদম্য সাহস নিয়ে প্রতিরোধ গড়ে তোলে বীর বাঙালি। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনী মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর (ভারতীয় সেনাবাহিনী) যৌথ কমান্ডের কাছে আত্মসমর্পণ করে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বৃহস্পতিবার ভোরে সারা দেশে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির সূচনা হবে। সব সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের থেকে জানানো হয়, সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান সাভারে জাতীয় স্মৃতিসৌধে শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। এরপর মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধারা পুষ্পস্তবক অর্পণ করবেন। বিদেশি কূটনীতিক, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনসহ সর্বস্তরের জনগণ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহীদ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানাবেন।

সব সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান সড়ক ও সড়কদ্বীপ জাতীয় পতাকা ও অন্যান্য পতাকায় সজ্জিত করা হবে। ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ দোয়া ও উপাসনার আয়োজন করা হবে। দেশের সব হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবাযত্ন কেন্দ্রে বিশেষ খাবার পরিবেশন করা হবে। (জাগো নিউজ: ২৬.০৩.২০২৬)

## জাতীয় স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সাভারের জাতীয় স্মৃতিসৌধে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান।

বৃহস্পতিবার (২৬ মার্চ) ভোর ৬টায় পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বীর শহীদদের স্মৃতির প্রতি তারা এ শ্রদ্ধা জানান।

পুষ্পস্তবক অর্পণের পর মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানাতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন।

এসময় সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সমন্বয়ে গঠিত একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে এবং বিউগলে বেজে ওঠে করুণ সুর।রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রী তারেক রহমান তার মন্ত্রিপরিষদ সদস্যদের ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্যদের নিয়ে পুনরায় শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় দেশের জন্য আত্মোৎসর্গকারী বীর সন্তানদের আত্মার শান্তি কামনা করা হয়।শ্রদ্ধা নিবেদনকালে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে সরকারের মন্ত্রিপরিষদ সদস্যবৃন্দ, তিন বাহিনীর প্রধান এবং সরকারের উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ: ২৬.০৩.২০২৬)

## নিহত ২৬ জনের পরিচয় মিলেছে, ১৮ জনই রাজবাড়ীর

রাজবাড়ীর দৌলতদিয়ায় পদ্মা নদীতে বাসডুবির ঘটনায় এখন পর্যন্ত ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এদের মধ্যে আটজন পুরুষ, ১১ জন নারী এবং সাতজন শিশু। নিহতদের মধ্যে ১৮ জনই রাজবাড়ী জেলার বাসিন্দা। বাকিরা কুষ্টিয়া, ঝিনাইদহ, দিনাজপুর, গোপালগঞ্জ এবং ঢাকার বাসিন্দা। এ ঘটনায় এখনো নিখোঁজ রয়েছেন ছয়জন।

বৃহস্পতিবার (২৬ মার্চ) দুপুর সোয়া ১২টার দিকে ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা তালহা বিন জসিম জানান, বুধবার (১৫ মার্চ) বিকেল ৫টা ২০ মিনিটের দিকে এ দুর্ঘটনা ঘটে। ফেরিতে ওঠার আগে সৌহার্দ্য পরিবহনের বাসটি সরাসরি পানিতে পড়ে ডুবে যায়।

প্রায় ৬০ ফুট গভীরে ডুবে যায় বাসটি। দীর্ঘ সময় অভিযান চালিয়ে রাত ১২টা ৩৮ মিনিটে বাসটি উদ্ধার করা হয়। বাসটিতে আনুমানিক ৪০ জন যাত্রী ছিলেন। (জাগো নিউজ: ২৬.০৩.২০২৬)

## গুমের মামলা: হাসিনাসহ ১১ জনের বিরুদ্ধে প্রতিবেদন দাখিলের নির্দেশ

আওয়ামী লীগের শাসনামলে গুমের ঘটনায় ক্ষমতাচ্যুত ও মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১১ জনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ২০ মে দিন ঠিক করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বুধবার (২৫ মার্চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ দিন ধার্য করেন। প্রসিকিউটর ও বিশেষ তদন্ত কর্মকর্তা ব্যারিস্টার তানভীর জোহা এমন তথ্য নিশ্চিত করেন। গত বছরের ৬ জানুয়ারি প্রসিকিউশনের আবেদনের পরিপ্রেক্ষিতে এ মামলায় শেখ হাসিনা, পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ ও সাবেক প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা তারেক সিদ্দিকীসহ ১১ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন ট্রাইব্যুনাল। প্রসিকিউশন সূত্র মতে, হাসিনার ১৫ বছরের শাসনামলে তার সরাসরি তত্ত্বাবধানে আওয়ামী লীগ শাসনামলে গুম সংঘটিত হয়েছে। গুমের জন্য সাবেক এই প্রধানমন্ত্রীকে 'সুপিরিয়র রেসপনসিবিলিটি' হিসেবে দায় নিতে হবে। গুম অবস্থা থেকে যাদের ছেড়ে দেওয়া হয়েছে, সেটাও শেখ হাসিনার নির্দেশে হয়েছে। একজন ব্যক্তির ক্ষমতা নিরঙ্কুশ করার জন্য এসব গুম সংঘটিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ রিহাব)

## খুব শিগগির উপজেলা-পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে: স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

উপজেলা পরিষদ ও পৌরসভায় প্রশাসক নিয়োগের কোনো পরিকল্পনা নেই। দ্রুত এসব প্রতিষ্ঠানে নির্বাচন আয়োজন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম। বুধবার দুপুরে চাঁপাইনবাবগঞ্জ সদরের শাহজাহানপুর ইউনিয়নে একটি ব্রিজের অ্যাপ্রোচ সড়ক নির্মাণ কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, পৌরসভা ও উপজেলা পরিষদে নতুন করে প্রশাসক নিয়োগ দেওয়ার কোনো পরিকল্পনা নেই। বর্তমানে যেসব স্থানীয় সরকারের প্রতিষ্ঠানে এডিসি ও ইউএনও প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করছেন, সেখানে দ্রুত নির্বাচন আয়োজন করা হবে। সেই নির্বাচনের মাধ্যমে জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধিরাই ভবিষ্যতে এসব প্রতিষ্ঠানের দায়িত্ব নেবেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৩.২০২৬ আসাদ)

# BBC

## IRAQ TO SUBMIT COMPLAINT TO THE UN AFTER ATTACKS

Iraq will submit a formal complaint to the United Nations Security Council after attacks on its military units, a spokesman says in a statement from the prime minister's media office. The prime minister has also told the foreign ministry to summon the charge d'affaires of the US Embassy following the attacks. Iraq's defence ministry says seven fighters were killed and 13 injured at a base in western Iraq on Wednesday. The strike comes after the deadliest

attack on Iraq since the war began in the ml Middle East, which killed 15 Iraqi fighters on Tuesday. (BBC News Web Page: 25/03/26, FARUK)

**PENTAGON PUTS DEFENCE PRODUCTION 'ON A WARTIME FOOTING'**

The Pentagon says it will boost production of several defence systems and munitions. It will "accelerate the production of the precision strike missile," as well as the seekers for the Terminal High Altitude Area Defense (Thaad), which is designed to intercept high-altitude missiles, the department says in a statement on its website. Defence Secretary Pete Hegseth wants to "put the defence industrial base on a wartime footing," the department says, adding that it will also increase production of navigation systems and electronic warfare solutions. (BBC News Web Page: 25/03/26, FARUK)

**IRAN 'CLOSELY MONITORING' MOVEMENT OF US TROOPS: SPEAKER**

The speaker of the Iranian parliament, Mohammad Bagher Ghalibaf, says Iran is "closely monitoring all US movements in the region, especially troop deployments". "Do not test our resolve to defend our land," he adds in a social media post. The Pentagon is expected to send troops from the 82nd Airborne Division - including ground forces and a command element - according to CBS News, the BBC's US partner. Unconfirmed reports suggested the Trump administration was considering Ghalibaf as a potential partner, and possibly even a future leader. (BBC News Web Page: 25/03/26, FARUK)

**GHANA DEMANDS COMPENSATION FOR SLAVERY IN LANDMARK UN VOTE**

Slavery was the "most horrendous crime that took place in the history of mankind", Ghana's foreign minister has told the BBC ahead of a landmark vote at the UN General Assembly. Member states are set to vote on a resolution - led by Ghana - to recognize the transatlantic slave trade as "the gravest crime against humanity". The proposal urges UN member states to consider apologizing for the slave trade and contributing to a reparations fund. The resolution is likely to face resistance, as states like the UK have long rejected paying reparations, saying today's institutions cannot be held responsible for past wrongs.
(BBC News Web Page: 25/03/26, FARUK)

**DOZENS OF BODIES, MOSTLY INFANTS, DISCOVERED IN KENYA MASS GRAVE**

About 32 bodies, mostly children, have been dug up from a mass grave in the western Kenyan town of Kericho as investigations continue into the shocking discovery. The exhumation was done after the police obtained a court order to retrieve 14 bodies that were initially believed to have been buried at the site. Government pathologist Richard Njoroge told journalists on Tuesday evening that what they found was "quite unusual" with bodies "stacked in gunny bags", after a day-long process that was interrupted by heavy rains. A post-mortem examination is expected to begin on Wednesday, amid calls to promptly identify the bodies and investigate the circumstances of the deaths.
(BBC News Web Page: 25/03/26, FARUK)

**FUEL PRICES BEGIN TO FALL IN IRELAND AFTER EXCISE DUTY CUTS**

The reductions kicked in at midnight last night meaning fuel leaving depots from them onwards was subject to the lower excise rates. From midnight the excise duty was cut by 20 cent on a litre of diesel and by 15 cent for petrol until the end of May. Last night, the Dail (Irish parliament) voted to approve the measures, which are part of a government support package aimed at helping people with escalating prices caused by the war in the Middle East. Diesel prices had risen from about €1.80 per litre to between €2.20 and €2.30 at the weekend. Petrol also went up to about €2. RTE reported on Wednesday morning that diesel prices on many forecourts have fallen to around €2.09 per litre, with petrol dropping to around €1.85 per litre. (BBC News Web Page: 25/03/26, FARUK)

**RUSSIA LAUNCHES 948 DRONES AT UKRAINE IN LARGEST ATTACK OVER 24-HOUR PERIOD**

Russia has launched the largest aerial attack on Ukraine over a 24-hour period since the war began, hitting cities across the country with 948 drones. Ukraine's Air Force said 556 drones had been fired since 09:00 local time on Tuesday, in an unusual daytime attack which killed at least three people and injured dozens. In the western city of Lviv, the 16th century Bernardine monastery - part of a Unesco World Heritage site in the city centre - was damaged, local officials said. In the neighbouring Ivano-Frankivsk region, a maternity hospital was hit. Those strikes came after an overnight Russian attack left five people dead. Ukraine said 392 drones and 34 missiles were fired. In his video address on Tuesday

evening, Ukrainian President Volodymyr Zelensky said the scale of the latest attacks "clearly shows that Russia has no intention of really ending this war".
(BBC News Web Page: 25/03/26, FARUK)

**GHANA & EU SIGN LANDMARK DEFENCE DEAL TO COMBAT MILITANT ISLAMIST THREAT**

Ghana has signed a defence agreement with the European Union (EU) as Islamist militants continue to wreak havoc in neighbouring countries. The agreement, signed in Accra by EU foreign policy chief Kaja Kallas and Ghanaian Vice President Naana Jane Opoku-Agyemang, strengthens cooperation in areas such as counterterrorism and cyber security. GHANA is the first African country to make such a deal with the EU, Opoku-Agyemang said. Though Ghana has so far remained largely untouched by militant violence, the surrounding West African region has become a hotbed of activity by affiliates of al-Qaeda and the Islamic State (IS) group. Tuesday's agreement "signals the EU's determination to support Ghana's efforts at tackling emerging threats both at the national and at the regional levels", Osman Abdul Razak, Ghana's national security coordinator, said at a joint press conference on Tuesday. (BBC News Web Page: 25/03/26, FARUK)

**:: The End ::**